



## গ্রামীণ কৃষি মৌসম সেবা

ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ

বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

মোহনপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ



# কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 27-02-2024

হাওড়া(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2024-02-27 ( পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2024-02-28	2024-02-29	2024-03-01	2024-03-02	2024-03-03
বৃষ্টিপাত (মি:মি:)	0.0	0.0	0.0	0.0	0.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	28.0	29.0	30.0	30.0	32.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	20.0	19.0	18.0	19.0	21.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	51	49	76	61	69
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	28	27	20	17	25
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	7	8	8	7	14
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	315	270	292	117	212
মেঘের অবস্থা (ওকটা)	4	1	0	0	1

### আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

আগামী কয়েকদিন বৃষ্টিহীন থাকার সম্ভাবনা আছে। আগামী কয়েকদিনে আংশিক মেঘলা থেকে পরিষ্কার আকাশ থাকার সম্ভাবনা রয়েছে। আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক 50% to 76% | সর্বোচ্চ তাপমাত্রা 28.0-32.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে এবং সর্বনিম্ন তাপমাত্রা 18.0-21.0 ডি গ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে বলে আশা করা হচ্ছে।

### সাধারণ পরামর্শাবলী::

মেঘদূত ওয়েদার অ্যাপকে স্মার্ট ফোনে প্লে স্টোর থেকে ডাউন লোড করে নিন এর মাধ্যমে আবহাওয়ার পূর্বাভাস ও কৃষি ভিত্তিক পরামর্শ দর্শ ওয়া হয়, আপনারা পরামর্শ এর জন্য এই মোবাইল এপ্লিকেশন টি ব্যবহার করুন।

### বার্তামূলক পরামর্শ:

আগামী কয়েকদিন বৃষ্টির সম্ভাবনা নেই, স্প্রেয়িং, সারপ্রয়োগ, পরিণত ফসল কাটার কাজ করতে পারেন।

### উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
আলু	কন্দ পরিণত হওয়া ;কয়েকদিনের ঝিরঝিরে বৃষ্টি,হালকা কুয়াশা,আংশিক মেঘলা আকাশ আলু গাছে ধ্বসা রোগটি লাগাতে পারে।রোগটি প্রতিরোধ করার জন্য জমিকে আগাছা মুক্ত রাখুন।আলুর ভেলি মাটি থেকে ২.৫-৩ইঞ্চি উঁচু পর্যন্ত বাঁধতে হবে।প্রতিরোধক হিসেবে নিম্নলিখিত ছত্রাকনাশকগুলির যেকোনো একটি ১০দিন অন্তর পর্যায়ক্রমিক প্রয়োগ করুন।ম্যানকোজেব(ইল্ডোফিল) ২.৫গ্রাম বা কপার-অক্সি-ক্লোরাইড(ব্লাইটক্স) ৪গ্রাম প্রতি লিটার জলে গুলে প্রয়োগ করুন।নিকটবর্তী গ্রাম আক্রান্ত হলে গাছে ৭-১০দিন পরপর পর্যায়ক্রমিক ভাবে নিম্নলিখিত ছত্রাকনাশকগুলির যেকোনো একটি প্রয়োগ করুন।

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
	মেটাল্যাফ্রিল+ম্যানকোজেব(রিডোমিল এম-জেড)২.৫গ্রাম বা সাইমোফ্রানিল+ম্যানকোজেব(কারজেট)২.৫গ্রাম বা ফেনামেডন+ম্যানকোজেব (সেকটিন)২.৫গ্রাম/লিটার জলে গুলে ১০দিন অন্তর পর্যায়ক্রমিক প্রয়োগ করুন। আপনার গ্রাম আক্রান্ত হলে ম্যানকোজেব ২-২.৫ গ্রাম+ডাইমিথোমরফ(অ্যাক্রোব্য্যাট)১-১.৫গ্রাম/লিটার জলেগুলে ৪-৫দিন অন্তর ২ বার প্রয়োগ করুন। ছত্রাকনাশক ভালোকরে পাতা,কাণ্ড ভিজিয়ে স্প্রে করুন। মাটির জো বিচার করে পরে প্রয়োজন অনুসারে সেচ দুপুর ১২ টার মধ্যে দিন। বিকেল বা সন্ধ্যাবেলা আলু জমিতে সেচ দেবেন না।

### পোল্ডি বিশেষ পরামর্শাবলী::

পোল্ডি	পোল্ডি বিশেষ পরামর্শাবলী:
পাখী	হাঁস মুরগী কে রানিখেত রোগটির জন্য ঢীকাকরণ করিয়ে নেওয়া উচিত